

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৭১-আইন/২০২২/১৮৪-মুসক।— মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১১ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫৫-আইন/২০২০/১১৬-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা ২৪.০২ এবং উহার কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

২৪.০২	২৪০২.২০.০০	তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing Tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয়মূল্য (প্যাকেটের গায়ে সিগারেটের সংখ্যা, সুস্পষ্ট লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার এবং ফ্লেভারিং ক্যাপসুল সম্বলিত সিগারেট বাজারে নিম্ন স্তরে সরবরাহের ফলে ধূমপায়ীর সংখ্যা বৃদ্ধির কারণে জনস্বাস্থ্যের ঝুঁকি বৃদ্ধি পাইতে পারে বিধায় স্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় ফ্লেভারিং ক্যাপসুল সম্বলিত সিগারেট মধ্যম স্তরের নিম্নে সরবরাহ না করিবার শর্তে)	
		নিম্ন স্তর- ৪০ টাকা ও তদূর্ধ্ব	৫৭
		মধ্যম স্তর- ৬৫ টাকা ও তদূর্ধ্ব	৬৫
		উচ্চ স্তর- ১১১ টাকা ও তদূর্ধ্ব	৬৫
		অতি উচ্চ স্তর- ১৪২ টাকা ও তদূর্ধ্ব	৬৫

২। এই প্রজ্ঞাপন ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
( আবু হেনা মোঃ রহমাতুল মুনিম )  
সিনিয়র সচিব